গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাগেরহাট জেলা, বাগেরহাট

এবং

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা

এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২২ - ৩০ জুন, ২০২৩

সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা নং
কর্মসম্পাদনের সার্বিক চিত্র	
প্রস্তাবনা	
সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি	
সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব	
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা	
সংযোজনী ১: শব্দসংক্ষেপ	
সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক	
সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ	
সংযোজনী ৪: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	
সংযোজনী ৫: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	
সংযোজনী ৬: অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	
সংযোজনী ৭: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	
সংযোজনী ৮: তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাগেরহাট জেলার কর্ম সম্পাদনের সার্বিক চিত্র

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা:

সাম্প্রতিক বছর সমূহের (৩বছর) প্রধান অর্জন সমূহ

বাগেরহাট জেলায় পল্লী ও পৌর এলাকায় সুপেয় পানি সরবরাহ এবং স্বাস্থ্য সম্মত স্যানিটেশন কার্যক্রম নির্বাহী প্রকৌশলীর কার্যালয় এবং উপজেলা পর্যায়ে সহকারী / উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয়ের মাধ্যমে বাস্তবায়ন করা হয়। বিগত ৩ (তিন) বছরে এই জেলায় প্রায় ৬৪৫৮ টি গভীর নলকূপ স্থাপন, ৬০০৯টি রেইন ওয়াটার হারভেস্টিং সিস্টেম, ৬০.০০ কিঃমিঃ পাইপ লাইন স্থাপন এর মাধ্যমে পল্লী ও পৌর এলাকায় পানি সরবরাহ, ,৭৫টি ন্যানো ফিল্টার স্থাপন, ৩৯টি ডি-স্যাইনেশন ইউনিট স্থাপন, ১১টি আরও প্লান্ট স্থাপন, ১৭৯ টি পুকুর পুনঃখনন, ০৫ টি পুকুর খনন, ১১৪ টী সোলার পিএসএফ স্থাপন, পৌরসভাতে ২০০ঘনমিটার/ঘন্টা ক্ষমতা সম্পন্ন ট্রিটমেন্ট প্লান্ট,ওভারহেড ট্যাংক, ১২ কিমি আরসিসি প্রাইমারী ড্রেন, বিভিন্ন ব্যাসের পাইপ লাইন এবং করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণ প্রতিরোধে ৪১ টি হাত ধোয়ার বেসিন স্থাপনের মাধ্যমে পানি সরবরাহ ও স্যানিটেশন সুবিধা প্রদান করা হয়েছে। এছাড়াও প্রতি বছর অক্টোবর মাসে জাতীয় স্যানিটেশন মাস ও ১৫ অক্টোবর বিশ্ব হাত ধোয়া দিবস উদযাপনের মাধ্যমে জনগণকে উন্নত স্যানিটেশন ও স্বাস্থ্য শিক্ষা বিষয়ে সচেতন করা হয়।

সমস্যা এবং চ্যালেঞ্জ সমূহ

বাগেরহাট জেলার পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার প্রধান চ্যালেঞ্জ হল জেলাটিতে শতভাগ সুপেয় পানি নিশ্চিত করা । জেলার কয়েকটি উপজেলায় গভীর নলকূপের মাধ্যমে সুপেয় পানি পাওয়া যায় কিন্তু মোড়েলগঞ্জ,শরণখোলা, কচুয়া, চিতলমারী ও মোংলা উপজেলায় গভীর একুইফার না থাকায় (বালু স্তর) এবং কোন ধরণের নলকূপ সফল না হওয়ায় পুকুর পুনঃখনন, পিএসএফ, রেইন ওয়াটার হারভেস্টিং, আর ও প্লান্ট স্থাপন এবং মিনি পাইপড ওয়াটার সাপ্লাই এর মাধ্যমে সুপেয় নিরাপদ পানি সরবরাহ করা প্রয়োজন। জেলার সর্বত্র ভূ-গর্ভস্ত সুপেয় পানির স্তর না থাকায় এবং প্রয়োজনের তুলনায় বার্ষিক বরাদ্দ কম থাকায় এসব অঞ্চলে সুপেয় পানি শতভাগ বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না।

ভবিষ্যৎ পরিকল্পনা

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাগেরহাট জেলায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নতির জন্য বেশ কিছু ভবিষ্যৎ পরিকল্পনা রয়েছে। যেমন, ভূ-পৃষ্ঠস্থ পানির যথাযথ ব্যবহার এবং সংরক্ষন, নলকূপ স্থাপনের মাধ্যমে ভূ-পৃষ্ঠের পানি ব্যবহার বৃদ্ধিকরণ, জেলার প্রতিটি গ্রোথ সেন্টারে পাইপড ওয়াটার সাপ্লাই সিস্টেম স্থাপন এবং জাতিসংঘ ঘোষিত "টেকসই উন্নয়ন অভীষ্ট" এর লক্ষমাত্রা ৬.২ অনুযায়ী, "২০৩০ সালের মধ্যে সকলের জন্য সমতা ও পর্যাপ্ততার ভিত্তিতে স্যানিটেশন ও ব্যক্তিগত স্বাস্থ্য পরিচর্যার সুযোগ সৃষ্টি করা, খোলা জায়গায় মলত্যাগ নির্মূল করা এবং নারী ও ঝুঁকিপূর্ণ পরিস্থিতিতে বিদ্যমান জনগোষ্ঠীর স্যানিটেশন ও স্বাস্থ্য পরিচর্যার উপর বিশেষ গুরুত্বারোপ করা"।

২০২২-২৩ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জন সমূহ:

পানি সরবরাহঃ

- পল্লী এলাকায় গভীর নলকূপ/ পানির উৎস স্থাপন –২০০০ টি
- রেইন ওয়াটার হার্ভেস্টর স্থাপন / পানির উৎস স্থাপন- ৪০০০ টি
- পল্লী এলাকায় পানি সরবরাহের লক্ষ্যে পাইপ লাইন স্থাপন –২৪ কিঃমিঃ
- পানির গুণগতমান নিরীক্ষা-------------------------৬০০০ টি
- পুকুর পুনঃখনন-----------------------------------১০০ টি
- সোলার পিএসএফ স্থাপন...............................৫০ টি

প্রস্তাবনা

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাগেরহাট জেলা, বাগেরহাট

এবং

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা

এর মধ্যে ২০২২ সালের জুন মাসের ২৫ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাগেরহাট জেলার রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

১.১ রূপকল্প : জনগনের জন্য সুপেয় পানি সরবরাহ ও স্বাস্থ্যসম্মত স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত করা।

১.২ অভিলক্ষ্য : সকলের জন্য পানি সরবরাহ ও স্যানিটেশন সুবিধা বাস্তবায়নের জন্য প্রতিষ্ঠানসমূহের এবং কমিউনিটির দক্ষতা বৃদ্ধি করা।

১.৩ কর্মসম্পাদন ক্ষেত্র :

১.৩.১ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্মসম্পাদন ক্ষেত্র

১.পল্লী এলাকায় ভূ-গর্ভস্থ সুপেয় পানি সরবরাহ ব্যবস্থা করা।

২. পল্লী এলাকায় ভূ-উপরস্থ সুপেয় পানি সরবরাহ ব্যবস্থা করা।

৩. পানির গুণগত মান নিশ্চিতকরণ।

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১) সুশাসন ও সংস্কার মূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ।

১.৪ কার্যাবলি:

- পল্লী এলাকায় ইউনিয়ন পরিষদের সহায়তায় পানি সরবরাহ ও স্যানিটেশন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন;
- শহরাঞ্চলে পৌরসভার সহায়তায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার অবকাঠামো নির্মাণ, উন্নয়ন, সম্প্রসারণ ও কারিগরি সহায়তা প্রদান
- খাবার পানির গুণগত মান পরীক্ষা, পরিবীক্ষণ ও পর্যবেক্ষণ;
- আর্সেনিক আক্রান্ত ও অন্যান্য সমস্যাসংকুল এলাকায় (লবণাক্ত, পাথুরে, পাহাড়ি ইত্যাদি) নতুন লাগসই প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহের ব্যবস্থা গ্রহণ;
- ভূ-গর্ভস্থ ও ভূপৃষ্ঠস্থ নিরাপদ পানির উৎস অনুসন্ধান;
- পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার পরিচালনা ও রক্ষণাবেক্ষণে দক্ষতা উন্নয়নের লক্ষ্যে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে (ইউনিয়ন পরিষদ, পৌরসভা) কারিগরি সহায়তা প্রদান;
- আপদ-কালীন (বন্যা, ঘূর্ণিঝড় ইত্যাদি) সময়ে জরুরী ভিত্তিতে পানি সরবরাহ ও স্যানিটেশন সুবিধার ব্যবস্থা করা;